



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
নির্বাহী প্রকৌশলীর কার্যালয়  
শিক্ষা প্রকৌশল অধিদপ্তর  
বগুড়া।



e-mail: ee\_bog@eedmoe.gov.bd

স্মারক নং: নিঃপ্রঃ/ইইডি/বগ/২০২৪/ ২৯৯

তারিখ:- ২০/০২/২০২৪ খ্রিঃ।

বিষয়: বেজোড়া উচ্চ বিদ্যালয়, শাজাহানপুর, বগুড়া এর ৪-তলা ভিত্তি বিশিষ্ট ৪-তলা একাডেমিক ভবন নির্মাণ কাজের ব্যর্থতার দায়ে কার্যাদেশ প্রাপ্ত  
ঠিকাদারী প্রতিষ্ঠানের বিরুদ্ধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ প্রসঙ্গে।

- সূত্র: ১। কার্যাদেশের স্মারক নং: ৫১৭(১৩)নিঃপ্রঃ/ইইডি/বগ/২০১৯  
২। প্রধান কার্যালয়ের স্মারক নং: ৩৭.০৭.০০০০.০০৮.১৪.০৭২.২৩-১৬  
৩। প্রধান কার্যালয়ের স্মারক নং: ৩৭.০৭.০০০০.০০৮.২৭.০০৩.২১-২৮৮  
৪। প্রধান কার্যালয়ের স্মারক নং: ৩৭.০৭.০০০০.০০৮.১৪.০৭২.২৩.২৯৫  
৫। প্রধান কার্যালয়ের স্মারক নং: ৩৭.০৭.০০০০.০০৮.১৪.০৭২.২৩.১১৬৬  
৬। স্মারক নং: নিঃপ্রঃ/ইইডি/বগ/২০২৩/১১৮৪  
৭। স্মারক নং: নিঃপ্রঃ/ইইডি/বগ/২০২৩/১২৩৩  
৮। স্মারক নং: এ.ই-৩/ইইডি/বগ/২০২৪/৩৪৪

- তারিখ: ২৮/০২/২০১৯ খ্রিঃ।  
তারিখ: ০৫/০২/২০২৩ খ্রিঃ।  
তারিখ: ৩০/০৪/২০২৩ খ্রিঃ।  
তারিখ: ১৭/১০/২০২৩ খ্রিঃ।  
তারিখ: ২৯/১১/২০২৩ খ্রিঃ।  
তারিখ:- ০৩/১২/২০২৩ খ্রিঃ।  
তারিখ:- ১৪/১২/২০২৩ খ্রিঃ।  
তারিখ:- ১৮/০২/২০২৪ খ্রিঃ।

Tender No- 245877

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, কোড নং-১২৫০৩০১-২২৪১৪৯৩০০-০০০০০০-৪১১১২০১ পরিচালন বাজেটের আওতায় নির্বাচিত বে-সরকারী মাধ্যমিক বিদ্যালয় সমূহের উন্নয়ন শীর্ষক কর্মসূচীভূক্ত বেজোড়া উচ্চ বিদ্যালয়, শাজাহানপুর, বগুড়া এর চারতলা ভিত্তি বিশিষ্ট চার তলা একাডেমিক ভবন নির্মাণ কাজের জন্য মেসার্স গোলাম সারওয়ার খান জুয়েল, গাংকুলা, পাবনা-৬৬০০, সদর, পাবনাকে গত ২৮/০২/২০১৯ খ্রি. তারিখে ১৮ মাস সময়সীমা নির্ধারণপূর্বক কার্যাদেশ প্রদান করা হয়। কার্যাদেশে ১৮ মাস অর্থাৎ ৫৪০ দিন সময়সীমা থাকলেও দীর্ঘ ১৮১৮ দিন অতিক্রান্ত হওয়ার পরও অদ্যাবধি কাজটি শেষ হয় নি। কাজটির বর্তমান অগ্রগতি ৮৫%। কাজটি বিনা কারণে দীর্ঘদিন ধরে বন্ধ রাখা হয়েছে এবং কাজটি সম্পন্ন করার জন্য কোনো পদক্ষেপ নেওয়া হয়নি। যার ফলে-

১. পাঠদান ও শিক্ষা কার্যক্রম ব্যাহত হচ্ছে।
২. শ্রেণিকক্ষে ঠিকাদার কর্তৃক মালামাল রাখায় শ্রেণিকক্ষের সংকট সৃষ্টি হয়েছে।
৩. ভবন নির্মানের সময় ভবনের সামনে গর্ত করা হয়েছে কিন্তু উক্ত গর্ত পূরণ না করায় বর্ষার সময় পানি জমে জলাবদ্ধতার তৈরি হচ্ছে এবং এডিসসহ নানাবিধ মশার প্রজননক্ষেত্রে পরিণত হয়েছে।
৪. মাঠের সৌন্দর্য হানি ঘটেছে ও খেলাধুলার প্রতিবন্ধকতা সৃষ্টি হয়েছে।
৫. অত্র অধিদপ্তর সম্পর্কে নেতিবাচক প্রচারণার সুযোগ তৈরি হচ্ছে।
৬. সর্বোপরি অত্র অধিদপ্তরের প্রকল্প বাস্তবায়নের সক্ষমতা নিয়েও প্রশ্ন উত্থাপিত হচ্ছে।

সূত্রে বর্ণিত স্মারকের মাধ্যমে বিভিন্ন সময় তাপিদপত্র দেওয়া হলেও ঠিকাদারী প্রতিষ্ঠান নির্মাণ কাজটি শুরু করেন নাই। যা অত্যন্ত দুঃখ জনক এবং নিযুক্ত ঠিকাদার কর্তৃক চুক্তি বাতিলের সামিল। বিষয়টি অত্র দপ্তরের ভাবমূর্তি চরমভাবে ক্ষুন্ন করছে এবং বিব্রতকর পরিস্থিতির সৃষ্টি করেছে। এহেন সূত্র পরিস্থিতিতে নিম্নস্বাক্ষরকারীসহ উর্দ্ধতন কর্তৃপক্ষকে বিভিন্ন জবাবদিহিতার সম্মুখীন হতে হচ্ছে।

এমতাবস্থায়, উক্ত কাজের নিযুক্ত ঠিকাদারী প্রতিষ্ঠান মেসার্স গোলাম সারওয়ার খান জুয়েল, গাংকুলা, পাবনা-৬৬০০, সদর, পাবনা এর বিরুদ্ধে আর্থিক শাস্তি আরোপসহ কালোতালিকাভুক্তকরণ, দরপত্র অংশগ্রহণ কার্যক্রমে নিষেধাজ্ঞা আরোপসহ অন্যান্য ব্যবস্থাাদি গ্রহণের জন্য মহোদয়ের নিকট বিনীতভাবে অনুরোধ করা হলো।

বিষয়টি অতীব জরুরী।

মোঃ আরিফুজ্জামান  
নির্বাহী প্রকৌশলী  
শিক্ষা প্রকৌশল অধিদপ্তর  
বগুড়া।

প্রাপক:- প্রধান প্রকৌশলী,  
শিক্ষা প্রকৌশল অধিদপ্তর,  
শিক্ষা ভবন, ২য় ব্লক, ঢাকা।

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলো:

- ০১। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, রাজশাহী সার্কেল, রাজশাহী।
- ০২। সহকারী প্রকৌশলী-১/৩, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, বগুড়া।
- ০৩। উপ-সহকারী প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, শাজাহানপুর, বগুড়া।
- ০৪। মেসার্স গোলাম সারওয়ার খান জুয়েল, গাংকুলা, পাবনা-৬৬০০, সদর, পাবনা।
- ০৫। ম্যানেজার, মিউচুয়াল ট্রাস্ট ব্যাংক লিমিটেড, এমটিবি পাবনা শাখা, পাবনা।
- ০৬। প্রতিষ্ঠান প্রধান, বেজোড়া উচ্চ বিদ্যালয়, শাজাহানপুর, বগুড়া।
- ০৭। অফিস কপি।